

মা

দিল সন্ধ্যায় মালা কালীর ছবিতে
দিল প্রণামপুষ্প সর্বদেবতায়
দিল গেলাস আর বোতল সাজিয়ে
বাচচাকে শুইয়ে রাখল খাটের তলায়

আর আমি তাকালাম দূরের জগতে
পিছনে উড়ন্ত খোলা জাল
মার ঘরে সারারাত লোক আসে, লোক যায় --- তবু

মা শুয়েছে আকাশ - পাতাল।

জয় গোস্বামী

